



গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ  
গাজীপুর।

www.gda.gov.bd


নম্বর: ২৫.১২.৩৩০০.০০০.০০১.০০.০০১৪.২৫- ২০২

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪৩৩  
১৭ মে ২০২৬

### হালকা গাড়ি চালক পদে ব্যবহারিক পরীক্ষার বিজ্ঞপ্তি

এই কর্তৃপক্ষের ১৬তম শ্রেণির হালকা গাড়ি চালক পদে শূন্যপদ পূরণের লক্ষ্যে গত ৩০ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা (ড্রাইভিং টেস্ট) আগামী ২৩ মে ২০২৬ তারিখ (শনিবার) সকাল ১০:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। ব্যবহারিক পরীক্ষা কেন্দ্রীয় ট্রেনিং ইন্সটিটিউট, বিআরটিসি, সালনা, জয়দেবপুর, গাজীপুরে অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং ব্যবহারিক পরীক্ষার (ড্রাইভিং টেস্ট) জন্য যোগ্য প্রার্থীদের তালিকা গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েবসাইটে গত ০৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি: তারিখে প্রকাশ করা হয়েছে।

২। লিখিত পরীক্ষার জন্য ডাউনলোড করা প্রবেশপত্র সঙ্গে নিয়ে আসতে হবে; তৎসঙ্গে ড্রাইভিং লাইসেন্স সঙ্গে আনতে হবে। এই পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো ভাতা প্রদান করা হবে না।

  
(মোঃ মেহেদী হাসান)

সচিব

এবং সদস্য সচিব, নিয়োগ ও পদোন্নতি কমিটি  
গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।

ফোন: +৮৮০২২২৪৪২৪০৪৮

বিতরণ:

- ১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সদস্য (সকল), গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।
- ৩। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৪। প্রধান প্রকৌশলী, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।
- ৫। ম্যানেজার, কেন্দ্রীয় ট্রেনিং ইন্সটিটিউট, বিআরটিসি, সালনা, জয়দেবপুর, গাজীপুর।
- ৬। স্টাফ অফিসার টু চেয়ারম্যান, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সহকারী প্রোগ্রামার, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর (ওয়েবসাইটের প্রকাশের জন্য)।